# ২০২৩

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাধারণ

## পত্র : SEC-B-2

## (ব্যবহারিক বাংলা - ২)

পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) গল্পসূত্রটিকে অবলম্বন করে অসমাপ্ত গল্পটিকে সম্পূর্ণ করো। (৩০০ শব্দের মধ্যে)। ১০

এক কাঠুরিয়া রোজ বনে কাঠ কাটতে যেত। সেদিন কাঠ কাটতে কাটতে তার কুঠারটি পাশের নদীতে পড়ে যায়। সে দুঃখে, শোকে ভেঙে পড়ে, একটি বৃক্ষের তলায় বসে ভাবতে থাকে। এমন সময় সেখানে এক সাধুর আবির্ভাব, তাঁর কথা মতো নদীতে ডুব দিয়ে এক সোনার কুঠার পায়, সে সাধুকে বলে— এটা তার নয়। সাধুর কথায় আবার ডুব, এবার তার কুঠারটি সে পায়। নির্লোভ কাঠুরিয়াকে সাধু দুটি কুঠারই দিয়ে দেয়।

*অথবা,*

(খ) প্রবন্ধ রচনা করো। (৩০০ শব্দের মধ্যে)

শরৎসাহিত্যের জনপ্রিয়তার কারণ। ১০

২। (ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বানানবিধি অনুসরণে তদ্ভব শব্দের বানান বিষয়ে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা বানানের বিবর্তনের ইতিহাসে রাজশেখর বসুর অবদান সম্পর্কে আলোচনা করো। ১০

৩। (ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) লিপ্যন্তর করো। ১০

— আমাদের আমবাগানে আজকাল আম ফলে না, বিলাতের আপেলবাগানে প্রচুর আপেল ফলিয়া থাকে। আমরা কি তাই বলিয়া মনে করিব যে, আমগাছগুলা কাটিয়া ফেলিয়া আপেলগাছ রোপণ করিলে তবেই আমরা আশানুরূপ ফললাভ করিব।

*অথবা,*

(খ) নীচের কবিতাংশটি রোমীয় লিপিতে লেখো ঃ ১০

গগনে গরজে মেঘ, ঘন বরষা।
কূলে একা বসে আছি, নাহি ভরসা।
রাশি রাশি ভারা ভারা
ধানকাটা হল সারা,
ভরা নদী-ক্ষুরধারা
খরপরশা।
কাটিতে কাটিতে ধান এল বরষা।

*অথবা,*

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

রোমীয় লিপি বলতে কী বোঝো? এই লিপি ব্যবহারের সুবিধাগুলি আলোচনা করো। ১০

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) তৎসম শব্দের ক্ষেত্রে 'শ' ও 'স'-এর ব্যবহার উদাহরণ-সহ বুঝিয়ে দাও।

(ঘ) বাংলা বানানের সংস্কারে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা সম্পর্কে লেখো।

(ঙ) স্বচ্ছ যুক্তব্যঞ্জন-এর লেখ্যরূপ সম্পর্কে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির মত বুঝিয়ে বলো।

(চ) শুদ্ধ বানান লেখার ক্ষেত্রে 'ও'-কার এর ব্যবহার সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো।

(ছ) IPA-র মূলনীতিগুলি উদাহরণ-সহ লেখো।

(জ) বিদেশি শব্দে 'ই-কার' এবং 'ঈ-কার'-এর ব্যবহারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশগুলি লেখো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) বঙ্কিমচন্দ্রের একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(খ) 'বর্ণ' কাকে বলে?

(গ) 'পুঁইমাচা' গল্পটি কার লেখা?

(ঘ) 'বর্ণপরিচয়' কার রচনা?

(ঙ) 'রবীন্দ্রনাথ' শব্দটি IPA-তে লেখো।

*অথবা,*

**(দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো ঃ— সমিচীনতা।

(চ) ভূগোল/ভুগল— কোনটি সঠিক লেখো।

(ছ) শ্রেণি/শ্রেণী— কোনটি ব্যবহার করা উচিত?

(জ) 'রামমোহন'— রোমীয় লিপিতে লিপ্যন্তর করো।

*অথবা,*

**(দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

অশুদ্ধি সংশোধন করো ঃ— দূর্নীতি।

(ঝ) রাজশেখর বসুর বাংলা অভিধান গ্রন্থটির নাম লেখো।

(ঞ) প্রতিযোগী/প্রতিযোগি— কোনটি ঠিক বানান?

(ট) বাংলা বর্ণমালায় দুটি 'ব'-এর ব্যবহার লেখো।

(ঠ) 'ঋ' ব্যবহৃত হয়েছে এমন দুটি শব্দ লেখো।

(ড) দূর্গ/দুর্গ— কোনটি সঠিক বানান?

(ঢ) 'য'— ব্যবহৃত হয়েছে এমন দুটি শব্দ লেখো।

(ণ) 'হাত'— তৎসম না তদ্ভব শব্দ? যুক্তি-সহ লেখো।

(ত) 'টেবিল'— দেশি না বিদেশি শব্দ? যুক্তি-সহ লেখো।

(থ) একটি অর্ধতৎসম ও একটি দেশি শব্দের দৃষ্টান্ত দাও।

(দ) রাজা রামমোহন রায়ের বিখ্যাত বাংলা ব্যাকরণটির নাম লেখো।

(ধ) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ন) 'বর্ণ' ও 'অক্ষর'-এর পার্থক্য লেখো।

---